

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, পাইকগাছা শাখা এর বিনিয়োগ গ্রহীতা মেসার্স সুফিয়া ইলেকট্রনিক্স, প্রোঃ মোঃ আলমগীর কবীর (সবুজ), ব্যবসায়িক ঠিকানা : পাইকগাছা মেইনরোড, পাইকগাছা পৌরসভা, পাইকগাছা, খুলনা। বর্তমান ঠিকানাঃ মোকাম খালী মিত্র তেতুলিয়া, ডাকঘর- শ্রীরামকাঠি, উপজেলা- আশাশুনি, জেলা-সাতক্ষীরা এর নিকট ১৫/০৬/২০২৬ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোট ৪৯,৭২,৪২১.০৯ (উনপঞ্চাশ লক্ষ বাহাত্তর হাজার চার শত একুশ টাকা নয় পয়সা) এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে “সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র” লিখিয়া আগামী ১০/০৮/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি পাইকগাছা শাখা, খুলনা রক্ষিত দরপত্র বাঞ্চে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তফসিলি ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি পাইকগাছা শাখা, খুলনা এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
৬. দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য গুরুত্বপূর্ণ খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করিতে হবে।
৮. কম জামানত সমেত/জামানতবিহীন/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

তফসিলঃ

- (ক) জেলা- খুলনা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস- পাইকগাছা, মৌজা- সরল, জে, এল নং- ৬১, হাল-৬৭, খতিয়ান নং সি.এস- ১৬, এস.এ.-৩৭, বাটা খতিয়ান নং- ৪৪৮, ডিপি- ১৫০৭, দাগ নং- সি, এস ও এস. এ- ১০৩১, বিআরএস/ডিপি-৩১১৪, বন্ধকী জমির পরিমাণ ০.০১৬০ (শূন্য দশমিক শূন্য এক ছয় শূন্য) একর জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি।
- (খ) জেলা- খুলনা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস- পাইকগাছা, মৌজা- সরল, জে, এল নং- ৬১, হাল-৬৭, খতিয়ান নং সি.এস- ১৩৯, এস.এ.-২১৩, ২১৪, বাটা খতিয়ান নং- ৪৪৭, ডিপি- ২৯৮, দাগ নং- সি, এস ও এস. এ- ৭৬৬, ৭৮৩, বিআরএস/ডিপি- ১৩৯৭, বন্ধকী জমির পরিমাণ ০.১৯৩৫ (শূন্য দশমিক এক নয় তিন পাঁচ) একর জমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য স্থাপনাদি। একুনে- একই মৌজায়- দুইটি তফসিলে সর্বমোট (০.০১৬০ + ০.১৯৩৫) = ০.২০৯৫ একর জমি হইতেছে।
- তফসিল সম্পত্তির চৌহদ্দী:
- (ক) তফসিলের চৌহদ্দী : উত্তরে- সমিরুল ইসলাম, দক্ষিণে-শামসুন্নাহার, পূর্বে- প্রাণী সম্পদ অফিস, পশ্চিমে- মেইন রোড। (খ) তফসিলের চৌহদ্দী : উত্তরে- ৬ ফিট নিজস্ব রাস্তা, দক্ষিণে-শ্রীপদ গং, পূর্বে- আব্দুল আজিজ সরদার, পশ্চিমে- ফয়শাল গং। জমির শ্রেণী: দোকান ও বিলান।

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, পাইকগাছা শাখার পক্ষে
শাখা ব্যবস্থাপক

মোবাইল নং: ০১৭১৩১৩৯০৪৩